

Name of Newspaper / Electronic Media	নয়া দিগন্ত
Date	২২/৭/২০১৭
Page/Time	৭

## ঢাকা আহছানিয়া মিশন দুই বছরে চার শ' ভিক্ষুক পুনর্বাসিত

### ● নিজস্ব প্রতিবেদক

ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্ট (ডিএফইডি) প্রকল্প হচ্ছে ঢাকা আহছানিয়া মিশনের (ডিএএম) একটি সহযোগী প্রতিষ্ঠান। এ প্রকল্পের অধীনে আরো একটি নতুন প্রকল্প শুরু করে প্রতিষ্ঠানটি। যার নাম 'ভিক্ষুক পুনর্বাসন প্রকল্প'। ২০১৫ সালের ৪ ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে এ প্রকল্পের কার্যক্রম শুরু হয়। সেই থেকে চলতি বছরের জুন পর্যন্ত ৩৯১ ভিক্ষুক পুনর্বাসিত হয়েছেন। তাদের মধ্যে ১১৭ পুরুষ এবং ২৭৪ নারী। দেশের ১২টি জেলার ৩১টি উপজেলা থেকে এসব ভিক্ষুককে ৭৬ লাখ ৯৪ হাজার টাকা এককালীন অনুদান দেয়া হয়েছে। আহছানিয়া মিশনের ৫৭টি শাখা থেকে ৪৬টি শাখার মাধ্যমে এসব ভিক্ষুককে এ টাকা প্রদান করা হয়। পর্যায়ক্রমে বাকি শাখাগুলোর মাধ্যমে ভিক্ষুক পুনর্বাসন করা হবে। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার উপস্থিতিতে ভিক্ষুকদের মধ্যে এই অনুদান দেয়া হয়।

ডিএফইডির সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও ভিক্ষুক পুনর্বাসন প্রকল্পের সমন্বয়ক কৃষিবিদ মো: নিয়ামুল কবির জানান, গরিব অসহায় মানুষের অনেকেই ভিক্ষাবৃত্তির সাথে জড়িত। সারা দেশের বিভিন্ন এলাকায় আমাদের ক্ষুদ্রঋণ প্রকল্প চালু রয়েছে। এ প্রকল্পের সদস্য এবং ফিল্ড অফিসারদের ১৩ পৃ: ৫-এর কলামে

## দুই বছরে চার শ'

৩য় পৃষ্ঠার পর

মাধ্যমে কর্মক্ষম ভিক্ষুকের সন্ধান করা হয়। পরে কর্মক্ষম ভিক্ষুকদের সাথে যোগাযোগ করা হয়। সহায়তা নিতে আগ্রহীদের ২৫ হাজার টাকা সহায়তা দিয়ে কর্মসংস্থানের ব্যবস্থা করা। মূলত ভিক্ষুকদের এসব টাকা এককালীন অনুদান দেয়া হয়। তারা যেন ভিক্ষাবৃত্তি না করে একটি ব্যবসার মাধ্যমে অর্থ উপার্জন করে স্বাবলম্বী হন। অনেকেই সফলও হয়েছেন। তারা আহছানিয়া মিশনের আর্থিক সহায়তায় স্টেশনারি দোকান, কাপড়ের ব্যবসায়, টেইলারিং, সবজি এবং মাছসহ বিভিন্ন ব্যবসায় শুরু করছেন। এসব ব্যবসায় অর্থ বিনিয়োগের পর ইতোমধ্যে তারা প্রায় পাঁচ লাখ টাকা সম্বয় জমা করেছেন। এসব সম্বয়ের টাকা তারা সুবিধামতো তুলতেও পারেন।

মো: নিয়ামুল কবির জানান, আহছানিয়া মিশনের ভিক্ষুক পুনর্বাসন প্রকল্প প্রশংসনীয় উদ্যোগ। অনেক ভিক্ষুক এখন সহায়তা পেয়ে স্বাবলম্বী হয়েছেন। ডিএফইডির ৫৭টি শাখার মাধ্যমে এক হাজার ১৪০ ভিক্ষুককে পুনর্বাসনের টার্গেট নির্ধারণ করা হয়েছে। অর্থাৎ প্রত্যেক শাখা থেকে অন্তত ২০ ভিক্ষুককে পুনর্বাসনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এ ছাড়াও এ বছরে ঢাকা আহছানিয়া মিশনের ডিএফইডি প্রকল্পের ১৮টি শাখার অধীনে ৩৬০ ভিক্ষুককে ৯০ লাখ টাকা বিতরণ করা হবে। এ প্রকল্পের কার্যক্রম চলমান। আহছানিয়া মিশনের আর্থিক সহায়তায় ভিক্ষাবৃত্তি ছেড়ে স্বাবলম্বী হয়েছেন গাজীপুরের কাপাসিয়ার আবুল হাসেম। তিনি চোখে দেখেন না। বর্তমানে আহছানিয়া মিশনের আর্থিক সহায়তায় মুদিদোকান করছেন। সন্তানদের পড়ালেখা করছেন। একই প্রকল্পের সহায়তায় স্বাবলম্বী বরগুনার শহিদুল ইসলাম। তিনি সড়ক দুর্ঘটনায় একটি হাত হারান। পরে ভিক্ষাবৃত্তির সাথে নিজেকে জড়িয়ে মানুষের দ্বারে দ্বারে ঘুরে বেড়াতেন। বর্তমানে আহছানিয়া মিশনের আর্থিক সহায়তায় শাড়ি-লুঙ্গি ফেরি করে বিক্রি করে ভালোভাবে দিনতিপাত করছেন।